



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫।



### বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শুদ্ধাচার কমিটির ১২তম সভার কার্যবিবরণী

১৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ, ৩০ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর শুদ্ধাচার কমিটির ১২তম সভা ৩০.০১.২০২৩ তারিখ, সোমবার, সকাল ১০.০০ টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর মোস্তফা আজাদ কামাল এবং সভাপতি, শুদ্ধাচার কমিটি-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ডা. সরকার মো: নোমান, ডিন, এসএসটি, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ২। ড. সাদিয়া আফরোজ সুলতানা, অধ্যাপক, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৩। ড. এ.এইচ. এম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, এসএসএস বিভাগ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৪। এমএস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল), বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৫। এমএস মেহেরীন মুনজারীন রত্না, সহযোগী অধ্যাপক, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৬। ড. মো: জাকিরুল ইসলাম, সহযোগী অধ্যাপক, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

সভার শুরুতে শুদ্ধাচার কমিটির সভাপতি প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুসারে সভার কাজ শুরু করার জন্য সভার সদস্য-সচিব নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল)-কে নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয়ের নির্দেশনামতে, উক্ত কমিটির সদস্য-সচিব সভার আলোচ্যসূচী অনুসারে সভার কার্যক্রম শুরু করেন।

সভার আলোচনা এবং সিদ্ধান্ত :

ক্রম নং	আলোচনার বিষয়	আলোচনা	ভবিষ্যৎ পরিকল্পনা
১.	বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর শুদ্ধাচার কমিটির ২৬.১০.২০২২ তারিখে অনুষ্ঠিত ১১ম সভার কার্যবিবরণী অনুসমর্থন	বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর শুদ্ধাচার কমিটির ২৬.১০.২০২২ তারিখে অনুষ্ঠিত ১১ম সভার কার্যবিবরণী অনুসমর্থন করা হলো।	
২.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ (২য় ত্রৈমাসিক রিপোর্ট) ও ইউজিসির মূল্যায়ন সম্পর্কে অবগতকরণ।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ (২য় ত্রৈমাসিক রিপোর্ট) সকলকে অবগত করা হয়। ইউজিসির কর্মশালায় বাউবির রিপোর্ট সংরক্ষণ ও প্রদান প্রক্রিয়া এবং শুদ্ধাচার সংক্রান্ত ভিডিও ক্লিপ তৈরির বিষয়টি সকল কার্যক্রমের মধ্যে নতুনত্ব আনায় বাউবিকে ধন্যবাদ জানানো	ভবিষ্যতে এই ধরনের নতুন নতুন আইডিয়া এবং সঠিকভাবে তথ্য সংরক্ষণের মাধ্যমে বাউবি কাজ করে যাবে মর্মে সবাই আশাবাদ ব্যক্ত করেন।

M


1/20


1

ক্রম নং	আলোচনার বিষয় -	আলোচনা	ভবিষ্যৎ পরিকল্পনা
		হয়।	
৩.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ -এ বাস্তবায়নে পরবর্তী করণীয় সম্পর্কে আলোচনা	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩-এর ৩য় ত্রৈমাসিক কার্যক্রমসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে কার্যক্রমসমূহ সঠিকভাবে যথাসময়ে বাস্তবায়নের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।	আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়: <p>(১) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সেবা সহজীকরণ ও চ্যালেঞ্জ মোকাবেলার জন্য পুণঃ নিরীক্ষা/ অভিযোগ বিষয়ে এক মতবিনিময় সভা আগামী ফেব্রুয়ারির শেষ সপ্তাহে (সম্ভাব্য তারিখ: ২৬.০২.২০২৩) সকল ডিন, পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা, প্রত্যেক প্রোগ্রামের ০১ জন কো-অর্ডিনেটর, আঞ্চলিক পরিচালক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ও প্রোগ্রামভিত্তিক তিনজন শিক্ষার্থী নিয়ে সন্ধ্যা ৭.০০-৯.০০টায় অনলাইনে (জুমে) একটি মতবিনিময় সভা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(২) কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে টিওএন্ডইভুক্ত একেজো মালামাল নিষ্পত্তিকরণ, পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি বিষয়ে মার্চ মাসের ২য় সপ্তাহের পূর্বে ইঞ্জিনিয়ারিং এন্ড এস্টেট বিভাগের সাথে একটি আলোচনা সভা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(৩) কর্ম পরিবেশ উন্নয়ন, পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিসহ অন্যান্য কার্যক্রম সম্পাদনের স্থির চিত্র প্রতিটি স্কুল/ বিভাগের ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করার বিষয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(৪) অর্থবছরের শুরুতে বিভিন্ন স্কুল/বিভাগ/আঞ্চলিক কেন্দ্র/শাখা/সেল হতে প্রদানকৃত শুদ্ধাচার সম্পর্কিত 'Activity Based Work Plan' এর কতটুকু সম্পাদন করা হয়েছে তা শুদ্ধাচার কমিটির সভাপতি বরাবরে প্রদান করার জন্য একটি পত্র বিভিন্ন স্কুল/বিভাগ/আঞ্চলিক/ কেন্দ্র/শাখা- কে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(৫) স্কুল/বিভাগ/আঞ্চলিক কেন্দ্র/শাখা/সেল হতে প্রদানকৃত শুদ্ধাচার সংক্রান্ত</p>

ক্রম নং	আলোচনার বিষয়	আলোচনা	ভবিষ্যৎ পরিকল্পনা
			শ্লোগানসমূহ নির্বাচন করে গাজীপুরস্থ মূল ক্যাম্পাস ও আঞ্চলিক কেন্দ্রে প্রদর্শন ও লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 ২৬/০২/২০১৬  
 নাজনীন আখতার  
 যুগ্ম-পরিচালক (কাউন্সিল)  
 ও  
 সদস্য-সচিব, শুদ্ধাচার কমিটি  
 বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

  
 অধ্যাপক মোস্তফা আজাদ কামাল  
 ট্রেজারার ও ডিন, স্কুল অব বিজনেস  
 এবং  
 সভাপতি, শুদ্ধাচার কমিটি  
 বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।